



আমার দেশ

একনেকে অনুমোদনের অপেক্ষায় ৯ হল

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আবাসন সুবিধা বাড়াতে হलगুলোতে ৯টি নতুন বর্ধিত ভবন তৈরি করা হবে। এর মধ্যে ছেলেদের জন্য পাঁচটি ও মেয়েদের জন্য থাকবে চারটি নতুন ভবন। ভবনগুলো তৈরি হলে ছাত্রদের জন্য ৫ হাজার

১০০ ও ছাত্রীদের জন্য ২ হাজার ৬০০টি আসন বাড়বে। এখন শুলু জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটিতে (একনেক) এই সংক্রান্ত প্রকল্প পাস হওয়ার অপেক্ষা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারপ্লানের প্রথম ধাপে এই প্রকল্পটি চলমান রয়েছে। সূত্র জানায়, ২ হাজার ৮৭০ কোটি টাকার এই প্রকল্পটি অর্থ ও শিক্ষা মন্ত্রণালয় পার হয়ে বর্তমানে প্ল্যানিং কমিশনে আছে। পরবর্তী সময়ে জাতীয় অর্থনৈতিক পরিষদের

নির্বাহী কমিটিতে (একনেক) অনুমোদন হলেই এর কার্যক্রম শুরু হবে। এতে আবাসন-সংকট অনেকটাই কমে আসবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

বিশ্ববিদ্যালয় পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর সূত্রে জানা যায়, শিক্ষার্থীদের আবাসনের জন্য ৯টি বর্ধিত ভবন ছাড়াও হাউজ টিউটরদের জন্য ৯টি কোয়ার্টার, পাঁচটি একাডেমিক ভবন এবং কেন্দ্রীয় মসজিদ ও ডাকসুসহ অন্যান্য পাঁচটি ভবন মিলে মোট ৩১টি ভবন রয়েছে এই প্রকল্পে।



যায়যায়দিন

